# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

## পুন: দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে আউট সোসিং এর মাধ্যমে ২০ টি কম্পিউটার অপারেটর এর পদ অস্থায়ীভাবে পূরণের জন্য স্বীকৃত ও বৈধ জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রদাতাকে সিলগালাকৃত দরপত্র সিডিউল আগামী ০৮/০৯/২০১৫ খ্রিঃ তারিখ, বেলা ১২:০০ ঘটিকার মধ্যে অত্র অফিসে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে এবং একইদিন বেলা ১২:১০ ঘটিকায় দরপত্রদাতা কিংবা তাদের প্রতিনিধি গণের উপস্থিতিতে (যদি উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। উল্লিখিত জনবল সরবরাহের দরপত্র ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) মূল্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ০৭/০৯/২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত সংগ্রহ করা যাবে।

**শর্তসমূহঃ**

১। জনবল সরবরাহের ক্ষেত্রে প্রতিপদের বিপরীতে মাসিক বেতন স্থানীয় টাকায় উল্লেখ করতে হবে এবং একটি সিলগালা করা খামের উপর অংশে স্পষ্টভাবে আউট সোসিং শব্দটি লিপিবদ্ধ করতে হবে;

২। দরপত্রদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদসহ অন্যান্য সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

৩। দরপত্রে উল্লিখিত মূল্য সকল প্রকার করাদি/ ভ্যাট (যদি থাকে) যুক্ত করে দর উল্লেখ করতে হবে;

৪। অফিসের প্রয়োজনে সংশ্লিষ্ট জনবলকে দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় দায়িত্ব পালন করতে হবে এবং শিফট অনুযায়ী কাজ করতে হবে। যে সকল প্রতিষ্ঠান দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় জনবল নিয়োজিত রাখতে অপরাগ হবে তাদের প্রস্তাব দাখিল করার প্রয়োজন নেই।

৫। নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে সরবরাহকৃত মোট জনবলের ০১ (এক) বছরের বেতনের ১০% হারে নিরাপত্তা জামানত পে-অর্ডারের মাধ্যমে অত্র কার্যালয়ে জমা দিতে হবে। চুক্তির মেয়াদ শেষে সেবার মানের ভিত্তিতে উক্ত জামানতের টাকা ফেরত প্রদান করা হবে অথবা সেবার মানের ভিত্তিতে পুনরায় জামানত গ্রহণপূর্বক চুক্তি নবায়ন করা হবে।

৬। আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা অবহেলার কারণে অফিসের কোন মূল্যবান জিনিস বা সম্পদের ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায় বহন করতে হবে।

৭। কার্যাদেশ প্রাপ্তির ৭ (সাত) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে উল্লেখিত জনবল সরবরাহ করতে হবে;

৮। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বিনা নোটিশে অত্র দরপত্র বিজ্ঞপ্তি স্থগিত অথবা যেকোন বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৪/৮/১৫

ডেপুটি রেজিস্ট্রার(অর্থ) (ভার:)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
হাইকোর্ট বিভাগ, ঢাকা।